

বিজ্ঞপ্তি

নং ৪৬৬

- জি,

তারিখঃ ০৬/০৯/২০১৬খ্রিঃ

বিষয়ঃ ২০১৬ সালের পবিত্র ঈদ-উল-আয্হা উপলক্ষে সরকারি ছুটি পুনঃনির্ধারণ সংক্রান্ত।

সরকার কর্তৃক জনপ্রশাসন মন্ত্রণালয়ের বিধি-৪ শাখার ০৫ সেপ্টেম্বর, ২০১৬ খ্রিষ্টাব্দ তারিখের স্মারক নং- ০৫.০০.০০০০.১৭৩.০৮.০১৪.০৭- ২২০ মূলে জারীকৃত প্রজ্ঞাপনের মাধ্যমে ১৩ সেপ্টেম্বর মঙ্গলবার সাধারণ ছুটি এবং ১১ সেপ্টেম্বর রবিবার, ১২ সেপ্টেম্বর সোমবার ও ১৪ সেপ্টেম্বর বুধবার, ২০১৬ খ্রিঃ তারিখ নির্বাহী আদেশে সরকারি ছুটি পুনঃনির্ধারণ করা হয়েছে। এছাড়া ১১ সেপ্টেম্বর, ২০১৬ খ্রিঃ তারিখ রবিবার সরকারি ছুটি ঘোষণার পরিপ্রেক্ষিতে ২৪ সেপ্টেম্বর ২০১৬ খ্রিঃ তারিখ শনিবার কর্মদিবস হিসেবে অফিস খোলা থাকবে মর্মে উক্ত প্রজ্ঞাপনে উল্লেখ করা হয়েছে।

০২। বাংলাদেশ সুপ্রীম কোর্ট কর্তৃক সরকার ঘোষিত উক্ত ছুটি অনুমোদনক্রমে বাংলাদেশ সুপ্রীম কোর্টের আপীল বিভাগ ও হাইকোর্ট বিভাগে ১১-১৪ সেপ্টেম্বর, ২০১৬ খ্রিঃ তারিখ ছুটি ঘোষণা করা হলো এবং ১১ সেপ্টেম্বর, ২০১৬ খ্রিঃ তারিখ রবিবার ছুটি ঘোষণার পরিপ্রেক্ষিতে ২৪ সেপ্টেম্বর ২০১৬ খ্রিঃ তারিখ শনিবার কর্মদিবস হিসেবে অফিস খোলা থাকবে।

০৩। এছাড়া ২৪ সেপ্টেম্বর ২০১৬ খ্রিঃ তারিখ শনিবার বাংলাদেশ সুপ্রীম কোর্টের আপীল বিভাগ ও হাইকোর্ট বিভাগে অবকাশকালীন ছুটি ঘোষণা করা হলো।

০৪। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এই বিজ্ঞপ্তি জারী করা হলো।

স্বা/-


(সৈয়দ আমিনুল ইসলাম)

রেজিস্ট্রার জেনারেল

ই-মেইলঃ rg@supremecourt.gov.bd

কার্যার্থে বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ

- ১। অ্যাটর্নি-জেনারেল, বাংলাদেশ, ঢাকা।
- ২। সচিব, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
- ৩। রেজিস্ট্রার, হাইকোর্ট বিভাগ/আপীল বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
- ৪। রেজিস্ট্রার, আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল, ঢাকা।
- ৫। অতিরিক্ত রেজিস্ট্রার/স্পেশাল অফিসার....., হাইকোর্ট বিভাগ/আপীল বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা (সকল)।
- ৬। ডেপুটি রেজিস্ট্রার....., হাইকোর্ট বিভাগ/আপীল বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা (সকল)।
- ৭। মাননীয় প্রধান বিচারপতির একান্ত সচিব/সচিব, আপীল বিভাগ/হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
- ৮। সিস্টেম এনালিস্ট, হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা (সুপ্রীম কোর্টের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৯। সহকারী রেজিস্ট্রার/গবেষণা ও তথ্য কর্মকর্তা....., হাইকোর্ট বিভাগ/আপীল বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা (সকল)।
- ১০। রেজিস্ট্রার জেনারেল মহোদয়ের একান্ত সচিব, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
- ১১। সভাপতি/সম্পাদক, সুপ্রীম কোর্ট আইনজীবী সমিতি, ঢাকা।
- ১২। বেঞ্চ অফিসার (সকল), হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
- ১৩। লাইব্রেরিয়ান, আপীল বিভাগ/ হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
- ১৪। কোর্ট অফিসার/কোর্ট কীপার, আপীল বিভাগ/হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
- ১৫। ব্যক্তিগত কর্মকর্তা (সকল), আপীল বিভাগ/হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা (মাননীয় বিচারপতি মহোদয়গণকে অবগত করনের অনুরোধসহ)।
- ১৬। সুপারিনটেন্ডেন্ট, আপীল বিভাগ/হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
- ১৭। স্ট্যাম্প রিপোর্টার/এফিডেফিট কমিশনার (সকল), হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।


(মোঃ আজিজুল হক)

ডেপুটি রেজিস্ট্রার (প্রশাসন ও বিচার)

ফোন-৯৫৬৬৮২৬

ই-মেইলঃ aziz_dr@supremecourt.gov.bd